14

দৈনিক ইত্তেফাক

তারিখ 23 APR 1997
পৃঃ ৮ কলাম ৪

এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস

# আরও ৫ জন কর্মকর্তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ

সদ্য সমাপ্ত মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস করিয়া দেওয়ার সঙ্গে জড়িত থাকার অভিযোগে প্রাথমিক তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে আরও পাঁচজন সরকারী কর্মকর্তা ও কর্মচারীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে। বাংলাদেশ সরকারী মুদ্রণালয়ের গোপনীয় শাখার তিনজন কর্মচারীকে (বাইণ্ডার) সাময়িকভাবে বরখাস্ত করা হইয়াছে। উক্ত প্রতিষ্ঠানের উপনিয়ন্ত্রককে দায়িত্বে অবহেলার অভিযোগে কারণ দর্শানোর নোটিস পাঠানো হইয়াছে এবং নিয়ন্ত্রককে অভিযোগের পরিপ্রেক্ষিতে তাঁহার লিখিত বক্তব্য পেশ করার জন্য নির্দেশ দেওয়া হইয়াছে। —তথ্য বিবরণী